The New Age



Dhaka University vice-chancellor Professor Niaz Ahmed Khan hands over academic, administrative and financial responsibilities of the seven government colleges, previously affiliated with Dhaka University, to Professor AKM Ellas, interim administrator of the proposed Dhaka Central University, at a formal ceremony at Dhaka University on Thursday. – Focus Bangla photo



নয়া দিগন্ত

২৫-০৮-২৫

সরকারি সাত কলেজের সব দায়িত্ব প্রস্তাবিত সেন্ট্রাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষের কাছে হস্তান্তর

সরকারি সাত কলেজের সব প্রশাসনিক, একাডেমিক ও আর্থিক দায়দায়িত্ব এবং ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু আবেদনকারী শিক্ষার্থীদের সব তথ্য, ছবি ও ভর্তি পরীক্ষা পরিচালনা বাবদ ফি ৯ এর পৃ: ৩-এর কলামে

আনুষ্ঠানিকভাবে প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৃহস্পতিবার এক অনুষ্ঠানে সব দায়িত্ব ও তথ্য প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির অন্তর্বর্তীকালীন প্রশাসক অধ্যাপক এ কে এম ইলিয়াসের কাছে হস্তান্তর করেন। এর মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সরকারি সাত কলেজের সম্মানজনক পৃথকীকরণের কাজ চূড়ান্তভাবে সম্পন্ন হলো।

নায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সাদেকা হালিম, প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, কার্যরাজ রেজিস্ট্রার মুনতাহা শারমিন টাকিম আহমদসহ অন্যান্য ভর্তি কমিটির আহ্বায়ক, সংশ্লিষ্ট দফতরের কর্মকর্তারা এবং কলেজের অধ্যক্ষগণ উপস্থিত ছিলেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সরকারি সাত কলেজের সম্মানজনক পৃথকীকরণ প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি প্রস্তাবিত নতুন বিশ্ববিদ্যালয়ের সার্বিক সফলতা কামনা করেন। বিজ্ঞপ্তি।

আলোকিত বাংলাদেশ



ঢাবি-সাত কলেজের সম্পর্কের আনুষ্ঠানিক সমাপ্তি

আলোকিত ডেস্ক : সরকারি সাত কলেজের সব ধরনের অস্থায়ী বাতিলের পর সব দায়িত্ব ও শিক্ষার্থীদের তথ্য প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) কর্তৃপক্ষ। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে এ তথ্য জানানো হয়েছে। জানা গেছে, সরকারি সাত কলেজের সব প্রশাসনিক, একাডেমিক ও আর্থিক দায়-দায়িত্ব এবং ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু আবেদনকারী শিক্ষার্থীদের সব তথ্য, ছবি ও ভর্তি পরীক্ষা পরিচালনার বাবদ ফি আনুষ্ঠানিকভাবে প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান উপাচার্যের সভাকক্ষে এক অনুষ্ঠানে সব দায়িত্ব ও তথ্য প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির অন্তর্বর্তীকালীন প্রশাসক অধ্যাপক এ কে এম ইলিয়াসের কাছে হস্তান্তর করেন। এর মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সরকারি সাত কলেজের সম্মানজনক পৃথকীকরণের কাজ চূড়ান্তভাবে সম্পন্ন হয়েছে বলে জানিয়েছে ঢাবি প্রশাসন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সরকারি সাত কলেজের সম্মানজনক পৃথকীকরণ প্রক্রিয়ার সঙ্গে সংশ্লিষ্টদের আন্তরিক ধন্যবাদ জানান। তিনি প্রস্তাবিত নতুন বিশ্ববিদ্যালয়ের সার্বিক সফলতা কামনা করেন। শুভ সংবাদ বিজ্ঞপ্তি

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

৩১ শ্রাবণ ১৪৩২

DU in Media

15 August 2025

সময়ের আলো

দেশ রুপান্তর

ঢাবি থেকে অবশেষে দায়িত্ব বুঝে নিল সাত কলেজ

● নিজস্ব প্রতিবেদক

সরকারি সাত কলেজের সব প্রশাসনিক, একাডেমিক ও আর্থিক দায়-দায়িত্ব এবং ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু আবেদনকারী শিক্ষার্থীদের সব তথ্য, ছবি ও ভর্তি পরীক্ষা পরিচালনা বাবদ ফি আনুষ্ঠানিকভাবে প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান উপাচার্যের সভাকক্ষে এক অনুষ্ঠানে সব দায়িত্ব ও তথ্য প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির অন্তর্বর্তী প্রশাসক অধ্যাপক একেএম ইলিয়াসের কাছে হস্তান্তর করেন। এর মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সরকারি সাত কলেজের সম্মানজনক পৃথকীকরণের কাজ চূড়ান্তভাবে সম্পন্ন হলো। কলেজগুলো হলো–ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, জবি নজরুল কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, মিরপুর সরকারি বাঙলা কলেজ ও সরকারি তিতুমীর কলেজ।

দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদসহ অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক, সংশ্লিষ্ট দফতরের কর্মকর্তা এবং কলেজের অধ্যক্ষরা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সরকারি সাত কলেজের সম্মানজনক পৃথকীকরণ প্রক্রিয়ার সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি প্রস্তাবিত নতুন বিশ্ববিদ্যালয়ের সার্বিক সফলতা কামনা করেন।

২০১৪ সালের শেষদিকে শিক্ষা মন্ত্রণালয় পরিদর্শনে গিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ২৭৯টি সরকারি কলেজকে বিভাগীয় পর্যায়ের পুরোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত করার নির্দেশ দেন তখনকার সরকারপ্রধান। পরের বছর তিনি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সঙ্গে এক বৈঠকে সরকারি কলেজগুলোকে পাবলিক বিশ্ববিদ্যালয়ে আনার প্রক্রিয়া ত্বরান্বিত করার তাগিদ দেন।

এর ধারাবাহিকতায় ঢাকার ঐতিহ্যবাহী সাত সরকারি কলেজকে ২০১৭ সালের ১৬ ফেব্রুয়ারি জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে বের করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে নেওয়া হয়। এদিকে দীর্ঘমেয়াদি কোনো পরিকল্পনা ছাড়াই সাত কলেজকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে নেওয়ায় প্রশাসনিক ও একাডেমিক বিভিন্ন সমস্যা দেখা দিতে থাকে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ভবনে 'হয়রানি', একাডেমিক ক্যালেন্ডার প্রকাশ না করা, সেশনজট, ফল প্রকাশে দীর্ঘসূত্রতা, ত্রুটিপূর্ণ ফলাফল প্রকাশ, রেকর্ডসংখ্যক শিক্ষার্থী অকৃতকার্য হওয়া ইত্যাদি সমস্যা নিয়ে আন্দোলন করতে দেখা যায় শিক্ষার্থীদের। তাদের শিক্ষাঙ্গনে ফেরাতে বিভিন্ন সময়ে নানা পদক্ষেপ ঘোষণা করা হলেও কিছু সমস্যা এতটাই জটিল রূপ পায় যে অধিভুক্তির পর সাত বছরেও কলেজগুলো ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে থিতু হতে পারেনি।

জুলাই অভ্যুত্থানের মধ্য দিয়ে সরকার পরিবর্তন হওয়ার পর অধিভুক্তি বাতিলের দাবিতে জোরালো আন্দোলন শুরু হয়। এরপর এই সাত কলেজকে নিয়ে ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি (ডিসিইউ) নামে নতুন বিশ্ববিদ্যালয় গঠনের সিদ্ধান্ত নেয়। গত ২৯ জুলাই প্রথমবারের মত স্নাতক প্রথম বর্ষে শিক্ষার্থী ভর্তির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করে ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষ।

আনুষ্ঠানিকভাবে ঢাবি থেকে পৃথক হলো অধিভুক্ত ৭ কলেজ

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) থেকে আনুষ্ঠানিকভাবে পৃথক হলো অধিভুক্ত ৭ কলেজ। প্রশাসনিক, অ্যাকাডেমিক ও আর্থিক দায়িত্ব এবং ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের তথ্য, ছবি ও ভর্তি পরীক্ষার ফি প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষের কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান উপাচার্যের সভাকক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির অন্তর্বর্তীকালীন প্রশাসক অধ্যাপক এ কে এম ইলিয়াসের কাছে এসব দায়িত্ব ও তথ্য হস্তান্তর করা হয়। এর মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সরকারি ৭ কলেজের পৃথকীকরণ প্রক্রিয়া চূড়ান্তভাবে সম্পন্ন হলো। কলেজগুলো এখন থেকে স্বাধীনভাবে প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির অধীনে পরিচালিত হবে।

এর আগে, চলতি বছরের জানুয়ারিতে ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে সরকারি সাত কলেজের অধ্যক্ষদের জরুরি বৈঠক হয়। সেদিনই সিদ্ধান্ত হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি থেকে আলাদা হয়ে যাচ্ছে এই কলেজগুলো। এরপর চলতি মাসেই ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির ভর্তি পরীক্ষার তারিখও ঘোষণা করে। ভর্তি পরীক্ষায় টেকনিক্যাল সাহায্য বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) প্রদান করবে বলে জানান অধ্যাপক একেএম ইলিয়াস।

প্রতিদিনের বাংলাদেশ

ঢাবি থেকে আলাদা হলো সাত কলেজ

শিক্ষাঙ্গন

প্রবা প্রতিবেদক

ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির (প্রস্তাবিত) কাছে আনুষ্ঠানিকভাবে রাজধানীর সরকারি সাত কলেজের দায়িত্ব তুলে দিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়। একই সঙ্গে এসব কলেজের সকল প্রশাসনিক, একাডেমিক ও আর্থিক দায়-দায়িত্ব এবং ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু আবেদনকারী শিক্ষার্থীদের সকল তথ্য, ছবি ও ভর্তি পরীক্ষা পরিচালনা বাবদ ফি আনুষ্ঠানিকভাবে প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। ফলে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে আনুষ্ঠানিকভাবে আলাদা হলো রাজধানীর এই সরকারি সাত কলেজ।

গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সভাকক্ষে প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির অন্তর্বর্তীকালীন প্রশাসক অধ্যাপক একেএম ইলিয়াসের কাছে সকল দায়িত্ব ও তথ্য হস্তান্তর করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। এর মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সরকারি সাত কলেজের সম্মানজনক পৃথকীকরণের কাজ চূড়ান্তভাবে সম্পন্ন হলো।

দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদসহ অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক, সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা এবং কলেজের অধ্যক্ষগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সরকারি সাত কলেজের সম্মানজনক পৃথকীকরণ প্রক্রিয়ার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি প্রস্তাবিত নতুন বিশ্ববিদ্যালয়ের সার্বিক সফলতা কামনা করেন।

নয়া দিগন্ত



ঢাবি আন্তর্জাতিক সম্পর্ক বিভাগে সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের উদ্যোগে 'Harnessing the Youth Dividend : Strategic Imperatives for Bangladesh in a Changing World' শীর্ষক এক সেমিনার বৃহস্পতিবার অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা দিনব্যাপী সেমিনারের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজের (বিআইআইএসএস) সহযোগিতায় এই সেমিনার আয়োজন করা হয়।

আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এ এস এম আলী আশরাফের সভাপতিত্বে সেমিনারে বাংলাদেশে নিযুক্ত মালদ্বীপের হাইকমিশনার শিউনিন রশিদ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মো: মাহবুব-উল-আলম এবং বিআইআইএসএসের মহাপরিচালক মেজর জেনারেল ইফতেখার আনিস বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. রাশেদ উজ জামান অনুষ্ঠান সঞ্চালন করেন। বিআইআইএসএসের গবেষণা পরিচালক কর্নেল এ এইচ এম ইয়াসিন চৌধুরী ধন্যবাদ জ্ঞাপন করেন।

প্রোভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বলেন, আমাদের জনসংখ্যার একটি বড় অংশ তরুণ। জুলাই গণ-অভ্যুত্থানে এই তরুণদের সাহস ও শক্তি আমরা দেখেছি। তারুণ্যের শক্তিকে কাজে লাগিয়ে দেশকে এগিয়ে নেয়ার এখনই উপযুক্ত সময়। প্রতিযোগিতামূলক বিশ্বে তাদের দক্ষ মানবসম্পদ হিসেবে প্রস্তুত করা জরুরি। তিনি আরো বলেন, তরুণ জনগোষ্ঠীর ক্ষমতায়নের ক্ষেত্রে শিক্ষা, কর্মসংস্থান সৃষ্টি, দক্ষতা বৃদ্ধি ও সহায়তা প্রদানসহ বিভিন্ন বিষয়ে নির্দিষ্ট নীতি এবং কৌশল থাকা দরকার। তরুণদের সম্ভাবনা ও শক্তিকে কাজে লাগাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সম্প্রতি বেশ কিছু পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন। মালদ্বীপের হাইকমিশনার শিউনিন রশিদ তরুণদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে শিক্ষার সাথে পেশার সমন্বয় সাধনের ওপর গুরুত্বারোপ করেন। বিজ্ঞপ্তি।

ইনকিলাব

ঢাবি সিনেটে নিয়োগ পেলেন পাঁচ শিক্ষাবিদ



স্টাফ রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ৫ প্রফেসরকে সিনেট সদস্য হিসেবে মনোনয়ন দিয়েছে সরকার। আগামী তিন বছরের জন্য প্রেসিডেন্ট ও চ্যান্সেলর কর্তৃক সিনেটে শিক্ষাবিদ সদস্য হিসেবে এই মনোনয়ন দেওয়া হয়েছে। গত বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের এক আদেশে এ তথ্য জানানো হয়। তারা হলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের প্রফেসর (অব.) ড. সদরুল আমিন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রফেসর ও কলা অনুষদের ডিন ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, মার্কেটিং বিভাগের প্রফেসর ড. মোর্শেদ হাসান খান, পদার্থবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. কামরুল হাসান, সমাজবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. সামিনা লুৎফা।

শিক্ষা মন্ত্রণালয়ের আদেশে বলা হয়, প্রেসিডেন্ট ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর আর্টিক্যাল ২০(১)(ই) ও ২০(২) ধারা অনুযায়ী এই ৫ জন জন শিক্ষাবিদকে সিনেট সদস্য হিসেবে ৩ বছরের জন্য মনোনয়ন প্রদান করা হয়েছে।